

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৪৬]

১২. সালাতুল খাওফ (ভয়কালীন) নামায (کتاب:صلاة الخوف)

পরিচ্ছেদঃ শত্রুকে ধাওয়াকারী অবস্থায় এবং শত্রু কর্তৃক ধাওয়াকৃত হয়ে আরোহী অবস্থায় ইঙ্গিতের মাধ্যমে নামায আদায় করা

بَابُ صَلاَةِ الطَّالِبِ وَالْمَطْلُوبِ رَاكِبًا وَإِيمَاءً

আর্বী

الله عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ الله عَنْهُمَا قَالَ: قَالَ النَّبِيُّ لَنَا لَمَّا رَجَعَ مِنَ الأَحْزَابِ لا يُصلِّينَ أَحَدُ الْعَصْرَ إِلاَّ فِي بَنِي قُرَيْظَةَ. فَأَدْرَكَ بَعْضَهُمُ الْعَصْرُ فِي الطَّرِيقِ، فَقَالَ بَعْضُهُمْ: لا نُصلِّي، لَمْ يُرَدْ مِنَّا ذَلِكَ، فَذُكِرَ لِلنَّبِيِّ، فَلَمْ يُرَدْ مِنَّا ذَلِكَ، فَذُكِرَ لِلنَّبِيِّ، فَلَمْ يُعَنِّفْ وَاحِدًا مِنْهُمْ. (بخارى: اللَّالَ

বাংলা

৫১৮) আব্দুল্লাহ ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, আহ্যাবের (খন্দকের) যুদ্ধ হতে ফেরত এসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে বলেনঃ বনী কুরায়যায় না গিয়ে কেউ যেন আসরের নামায না পড়ে। কোন কোন লোক রাস্তায় থাকতেই আসরের নামাযের সময় হয়ে গেল। কতিপয় লোক বললঃ সেখানে যাওয়ার পূর্বে আমরা নামায আদায় করবোনা। আবার কেউ বললঃ আমরা নামায পড়ে নিব। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উদ্দেশ্য এ ছিলনা যে, নামাযের সময় শেষ হয়ে গেলেও আমরা নামায থেকে বিরত থাকবো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে তারা যখন বিষয়টি নিয়ে আলোচনা করলেন তখন তিনি কাউকে দোষারোপ করেননি।

টিকাঃ উক্ত হাদীছ দ্বারা মতানৈক্য করা সাব্যস্ত হয়না। তবে কোন বিষয়ে আলেমদের মতানৈক্য হয়ে যেতে পারে। সেখানে যদি উদ্দেশ্য সৎ হয় এবং পক্ষপাতিত্বমুক্ত মনোভাব থাকে তাহলে উভয় পক্ষই মুজতাহিদ বলে গণ্য হবেন। সুতরাং এহেন ঘটনা থেকে ইজতেহাদী মতানৈক্য সাব্যস্ত হয়; কিন্তু আদৌ মাজহাবী দলাদলী সাব্যস্ত হয়না। (আল্লাহই ভাল জানেন)

English

The chaser and the chased can offer Salat (prayer) while riding, and by signs



Narrated Ibn `Umar:

When the Prophet (**) returned from the battle of Al-Ahzab (The confederates), he said to us, "None should offer the 'Asr prayer but at Bani Quraiza." The 'Asr prayer became due for some of them on the way. Some of them decided not to offer the Salat but at Bani Quraiza while others decided to offer the Salat on the spot and said that the intention of the Prophet (**) was not what the former party had understood. And when that was told to the Prophet (**) he did not blame anyone of them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন